ঝিনাইদহে নবগঙ্গা ফিটনেস একাডেমির বৃক্ষরোপণ কর্মসূচী

ঝিনাইদহে শারীরিক শিক্ষায় আলোচিত প্রতিষ্ঠান ‘নবগঙ্গা ফিটনেস একাডেমি ’র উদ্যোগে শহরে বৃক্ষরোপণ কর্মসূচীর আয়োজন করা হয়।

আজ শুক্রবার সকালে নিয়মিত শারীরিক ব্যায়াম করার পর শহরের ক্যাসেল ব্রীজ থেকে আরাপপুর গোল চত্বর পর্যন্ত রাস্তার দুইধার দিয়ে বিভিন্ন ধরনের ফলজ, বনজ, ঔষুধী ও ফুল গাছারে চারা রোপণ করা হয়েছে।

ঝিনাইদহ জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস এর সার্বিক সহযোগিতায় এবং প্রকৃতিপ্রেমী ও সমাজ উন্নয়ন কর্মী তারিকুল ইসলাম পলাশ এর প্রচেষ্ঠায় এসময় আরাপপুর এলাকায় শতাধিক গাছের চারা লাগানো হয়।

এসময় আরও উপস্থিত ছিলেন নবগঙ্গা ফিটনেস একাডেমির প্রতিষ্ঠাতা পরিচালক কাজী আলী আহম্মেদ লিকু, সাংবাদিক শাহানুর আলম, মনোয়ার উদ্দীন আহম্মেদ, আসাদ শেখ, শরীফ উদ্দীন, পলাশ, গোলাম নবী, দেবাশীষ গুহ রায়, টুটুল, ইদ্রিস আলী, বিষ্ণুপদ তরফদারসহ অন্যান্যরা।

এসময় বিএনপি নেতা আব্দুল মজিদ বিশ্বাস বলেন, গাছ আমাদের প্রকৃত বন্ধু, গাছ পরিবেশ বাচাই, প্রকৃতির ভারসাম্য রক্ষা করে, মাটির ক্ষয়রোধ করে, প্রকৃতির রুক্ষতা থেকে মানুষকে রক্ষা করে। ঝিনাইদহ শহরের গাছ প্রেমিক বন্ধু পলাশকে সাথে নিয়ে পুরা শহরকে সবুজায়ন করতে চান তিনি। অক্সিজেনের ঘাটতি পূরনে পুরা শহরকে গাছের ছায়ায় ঢেকে দেওয়ার প্রত্যয় ব্যক্ত করেন তারিকুল ইসলাম পলাশ।
আব্দুল মজিদ বিশ্বাস আরও বলেন মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমানের ইচ্ছা পূরনই শুধু নয়, দেশকে প্রাকৃতিক দূর্যোগ, বণ্যা, ঘুর্নিঝড়েরমতো বিপর্যয় থেকে বাঁচাতে প্রত্যেককে কম পক্ষে বছরে ২টি করে গাছের চারা রোপণ করতে হবে। তাহলে আপনিও লাভবান হবেন, দেশও বাঁচবে।

ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনে নবগঙ্গা ফিটনেস একাডেমির প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

“স্বাস্থ্য আপনার মূল্যবান সম্পদ” এই শ্লোগানে ঝিনাইদহে নবগঙ্গা ফিটনেস একাডেমির প্রতিষ্ঠাবার্ষিকী বর্ণাঢ্য আয়োজনে উদযাপন করা হয়েছে।

আজ শুক্রবার সকালে শহরের পৌর ইকো পার্ক (দেবদারু চত্বর) থেকে একটি শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে সেখানে আলোচনা সভা ও কেক কাটা হয়। নবগঙ্গা ফিটনেস একাডেমীর সিনিয়র সদস্য এ কে এম নজরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহ জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ। বিশেষ অতিথি হিসেবে জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, কৃষকদলের কেন্দ্রীয় যুগ্ম সাধারণ সম্পাদক ওসমান আলী বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাড. কামাল আজাদ পান্নু, জেলা বিএনপির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, পৌর বিএনপির সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান শেখর, নবগঙ্গা ফিটনেস একাডেমীর পরিচালক কাজী আলী আহম্মেদ লিকু। অনুষ্ঠান পরিচালনা করেন একাডেমীর সদস্য শাহানুর আলম। আলোচনা সভার আগে পৌর ইকো পার্কের নবগঙ্গা নদীর পাড়ে ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা রোপন করে অতিথিবৃন্দ।

‘স্বাস্থ্য আপনার মুল্যবান সম্পদ’ এই শ্লোগানে ১ বছর আগে পৌর ইকোপার্কের নবগঙ্গা নদীর পাড়ে শুরু হয় এই একাডেমীর যাত্রা। শুরুতে ২/৩ জন সদস্য থাকলেও এখন তা দাড়িয়েছে দেড় শতাধিকে। প্রতিদিন ভোরে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এখানে শরীরচর্চায় অংশ নিয়ে সুস্থ জীবন গঠনে ভূমিকা রাখছেন।